গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২২০/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ২০ মে ২০১৯, ৬ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভায় দুই মন্ত্রী ও তিন প্রতিমন্ত্রীর দায়িত্ব পুনর্বিন্যাস
২। মুক্তিযোদ্ধা, এতিম ও আলেমদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার
জঙ্গি, সন্ত্রাস ও মাদক থেকে দেশকে রক্ষা করতে হবে : প্রধানমন্ত্রী
৩। এবারের ঈদ যাত্রা অতীতের চেয়ে স্বস্তিদায়ক হবে
আড়াই মাস পর অফিসে সাংবাদিকদের মুখোমুখি সেতুমন্ত্রী
৪। ঈদে অপেশাদার চালক গাড়ি চালাতে পারবে না : স্বরাষ্ট্রমন্ত্রী
৫। উৎক্ষেপণের বর্ষপূর্তি অনুষ্ঠানে বঙ্গবন্ধু স্যাটেলাইটের সেবা বিপণন উদ্বোধন
ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রায় তাৎপর্যপূর্ণ অর্জন বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ : তথ্যমন্ত্রী
৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে সহায়তা করবে চীন : তথ্যমন্ত্রীকে জানালেন রাষ্ট্রদূত
৭। ডিজিটাল নিরাপত্তা আইন সাংবাদিকদের বিরুদ্ধে নয় : আইনমন্ত্রী
৮। ভর্তুকি দিয়ে হলেও চাল রফতানি করা হবে : অর্থমন্ত্রী
৯। বগুড়া-৬ আসনে উপ-নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী জামান নিকেতা
১০। ডিলারদের সরকারি মিলের চিনি বিক্রি করতে হবে : শিল্প প্রতিমন্ত্রীর নির্দেশ
১১। সৌদি আরব ও আরব আমিরাতের তেল পাম্পে হামলায় বাংলাদেশের উদ্বেগ প্রকাশ
১২। মুক্তিযোদ্ধা স্বীকৃতির ন্যূনতম বয়সের গেজেট বাতিল : হাইকোর্টের রায়
১৩। ঈদে স্পেশাল লঞ্চ সার্ভিস শুরু আগামী ৩০ মে, আগাম টিকিট বিক্রি শুরু আজ
১৪। আজ বিশ্ব মেট্রোলজি দিবস

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভায় দুই মন্ত্রী ও তিন প্রতিমন্ত্রীর দায়িত্ব পুনর্বিন্যাস**

সরকার গঠনের পাঁচ মাস পর মন্ত্রিসভায় প্রথম পরিবর্তন এনেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মন্ত্রিসভায় পুনর্বিন্যাসের অংশ হিসেবে দু'টি মন্ত্রণালয়ে মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের দায়িত্বের ক্ষেত্র কিছুটা পরিবর্তন করা হয়েছে। প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসানকে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে সরিয়ে তথ্য মন্ত্রণালয়ে নেওয়া হয়েছে। গতকাল (১৯ মে রোববার) মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের আদেশক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হয়। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মোস্তাফা জব্বারকে একই মন্ত্রণালয়ের অধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মন্ত্রী করা হয়েছে। এ মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলককে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগের মন্ত্রী করা হয়েছে মো. তাজুল ইসলামকে। একই মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে স্বপন ভট্টাচার্যকে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

২। **মুক্তিযোদ্ধা, এতিম ও আলেমদের সঙ্গে প্রধানমন্ত্রীর ইফতার**

জঙ্গি, সন্ত্রাস ও মাদক থেকে দেশকে রক্ষা করতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জঙ্গি-সন্ত্রাস ও মাদকের হাত থেকে দেশকে রক্ষা করতে হবে। এক্ষেত্রে তিনি সকলের সহযোগিতা ও দোয়া চেয়ে বলেন, সবাই মিলে দেশটাকে সুন্দর করে গড়ে তুলতে হবে। গতকাল (১৯ মে রোববার) গণভবনে ইফতারের আগে সংক্ষিপ্ত বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। এ সময় দেশের উন্নয়ন অগ্রগতির জন্য দোয়া কামনা করেন প্রধানমন্ত্রী। পরে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সব সদস্য, জাতীয় চার নেতা, মহান মুক্তিযুদ্ধের শহিদসহ দেশ-জাতি এবং মুসলিম উম্মাহর শান্তি-সমৃদ্ধি ও উন্নয়ন কামনা করে মোনাজাত করা হয়। এরপর প্রধানমন্ত্রী উপস্থিত আমন্ত্রিত অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (**শেষ** পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

৩। **এবারের ঈদ যাত্রা অতীতের চেয়ে স্বস্তিদায়ক হবে**

আড়াই মাস পর অফিসে সাংবাদিকদের মুখোমুখি সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের অসুস্থ হয়ে মৃত্যুর দুয়ার থেকে ফিরে আসাকে জীবনের দ্বিতীয় ইনিংস হিসেবে আখ্যায়িত করে বলেছেন, সড়ক ও পরিবহণ খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনা, যানজট নিরসন এবং বড় প্রকল্পগুলো যথাসময়ে শেষ করাই এ ইনিংসের বড় চ্যালেঞ্জ। আশা করি, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে তা আনতে পারবো। এবারের ঈদযাত্রা অতীতের যে কোনো সময়ের চেয়ে অধিকতর স্বস্তিদায়ক হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। গতকাল (১৯ মে রোববার) দীর্ঘ আড়াই মাস পর সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে এক প্রেস ব্রিফিংয়ে তিনি আরো বলেন, ঢাকা-টাঙ্গাইল সড়কে ৪টি আন্ডার পাসের কাজ শেষ হবে ঈদের আগেই। এতে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ঈদে ঘরমুখো মানুষের কষ্ট অনেকটা কমে যাবে। তিনি বলেন, আগামী ২৫ মে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে নবনির্মিত ২য় মেঘনা ও গোমতী সেতু এবং জয়দেবপুর-টাঙ্গাইল মহাসড়কে দু'টি সেতু, দু'টি ফ্লাইওভার এবং চারটি আন্ডারপাস যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করে দিবেন। এতে এ দু'টি মহাসড়ক দিয়ে যাত্রীদের ঘরে ফেরা নির্বিঘ্ন হবে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৪। **ঈদে অপেশাদার চালক গাড়ি চালাতে পারবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, আসন্ন ঈদে পেশাদার চালক ছাড়া কেউ গাড়ি চালাতে পারবে না। ঢাকায় প্রবেশ ও বের হওয়ার পথে বসানো হবে চেকপোস্ট। গতকাল (১৯ মে রোববার) আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত আইনশৃঙ্খলা সংক্রান্ত বৈঠক শেষে তিনি এ কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, যানজট নিরসনে গার্মেন্টস কারখানায় পর্যায়ক্রমে ছুটি থাকবে। লঞ্চে অতিরিক্ত যাত্রী নেওয়া হলে এবং লঞ্চ, রেল, বাসে অতিরিক্ত ভাড়া নেওয়া হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে তিনি জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

৫। **উৎক্ষেপণের বর্ষপূর্তি অনুষ্ঠানে বঙ্গবন্ধু স্যাটেলাইটের সেবা বিপণন উদ্বোধন**

ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রায় তাৎপর্যপূর্ণ অর্জন বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ : তথ্যমন্ত্রী

বঙ্গবন্ধু স্যাটেলাইটের সেবা বিপণন কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। স্যাটেলাইট উৎক্ষেপণের বর্ষপূর্তি অনুষ্ঠানে গতকাল (১৯ মে রোববার) রাজধানীর একটি হোটেলে এক অনুষ্ঠানে এ কার্যক্রম উদ্বোধন করা হয়। ২০১৮ সালের ১২ মে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট মহাকাশে উৎক্ষেপণ করা হয়। অনুষ্ঠানে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেন, ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রায় অত্যন্ত গৌরবের এবং তাৎপর্যপূর্ণ অর্জন বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ। বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে টিভি চ্যানেলগুলো সাশ্রয়ী মূল্যে সম্প্রচার এবং ব্যাংকগুলো ব্যাংকিং সেবা দিতে পারবে। দুর্গম অঞ্চলগুলোতে ডিজিটাল সেবা পৌঁছে দিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এ স্যাটেলাইট। ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, বঙ্গবন্ধু স্যাটেলাইট এখন পর্যন্ত বাংলাদেশের প্রকৌশলীরাই সাফল্যের সঙ্গে পরিচালনা করছেন। স্যাটেলাইট উৎক্ষেপণ যেমন অনেক বড় গৌরবের, তেমনি আমাদের ছেলেরাই পরিচালনা করছে- এটিও গর্বের বিষয়। অনুষ্ঠানে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

৬। **রোহিঙ্গা প্রত্যাবাসনে সহায়তা করবে চীন : তথ্যমন্ত্রীকে জানালেন রাষ্ট্রদূত**

রোহিঙ্গা প্রত্যাবাসনে চীনের সহায়ক ভূমিকার কথা পুনর্ব্যক্ত করেছেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ঝ্যাং জুয়ো। রাষ্ট্রদূত বলেন, রোহিঙ্গা সমস্যা সমাধানে চীন সহায়ক ভূমিকা রাখবে। চীন নিরপেক্ষভাবে আশা করে, শীঘ্রই রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হবে। গতকাল (১৯ মে রোববার) সচিবালয়ে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদের সঙ্গে তাঁর দপ্তরে সৌজন্য সাক্ষাৎকালে চীনের রাষ্ট্রদূত এ কথা বলেন। তথ্য সচিব আবদুল মালেক, তথ্য মন্ত্রণালয় ও চীনা দূতাবাসের কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। এ সময় তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেন, চীন সরকারের সহায়তায় দেশের ছয়টি বিভাগে পূর্ণাঙ্গ টেলিভিশন স্টেশন নির্মাণ প্রক্রিয়া চলছে। এটি আরও ত্বরান্বিত করার জন্য তিনি রাষ্ট্রদূতের দৃষ্টি আকর্ষণ করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.৭)।

৭। **ডিজিটাল নিরাপত্তা আইন সাংবাদিকদের বিরুদ্ধে নয় : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, ডিজিটাল নিরাপত্তা আইন করা হয়েছে সাইবার ক্রাইম নিয়ন্ত্রণের জন্য, বাক্ স্বাধীনতা কিংবা সাংবাদিকদের স্বাধীনতা খর্ব করার জন্য নয়। তিনি বলেন, এ আইনের যাতে অপপ্রয়োগ বা অপব্যবহার না হয় সেজন্য সরকার সব রকমের ব্যবস্থা নিবে এবং আইনটিকে আধুনিক করার ব্যাপারে সরকার কাজ করবে। গতকাল (১৯ মে রোববার) সচিবালয়ে আইন মন্ত্রণালয়ে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও জাতিসংঘের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এসব কথা বলেন। এর আগে ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার, জার্মানি, সুইজারল্যান্ড ও সুইডেনের রাষ্ট্রদূত, জাতিসংঘের বাংলাদেশ প্রতিনিধি, জাতিসংঘ মানবাধিকার সংস্থার প্রতিনিধি এবং ইউএনডিপি'র প্রতিনিধির সঙ্গে বৈঠক করেন আইনমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.৮,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.৭)।

৮। **ভর্তুকি দিয়ে হলেও চাল রফতানি করা হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, আমাদের কৃষককে বাঁচাতে হবে। সরকারের পক্ষ থেকে যেটা করা সম্ভব, সেটা হলো আমরা চাল আমদানি নিরুৎসাহিত করে সীমিত করতে পারি। সরকারিভাবে আমরা এ কাজটি করব। চাল আমদানি আমরা পুরোপুরি বন্ধ করে দিতে পারি না। তবে ভর্তুকি দিয়ে হলেও চাল রফতানি করা হবে বলে জানান অর্থমন্ত্রী। গতকাল (১৯ মে রোববার) রাজধানীর শেরে বাংলানগরে অর্থ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (শেষ পৃ,ক.১)।

৯। বগুড়া-৬ আসনে উপ-নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী জামান নিকেতা

আগামী ২৪ জুন অনুষ্ঠিতব্য বগুড়া-৬ আসনের উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন এসএমটি জামান নিকেতা। তিনি জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। গতকাল (১৯ মে রোববার) গণভবনে আওয়ামী লীগের সংসদীয় বোর্ড ও স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের যৌথসভায় সর্বসম্মতিক্রমে তাঁকে মনোনয়ন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উল্লেখ্য, বগুড়া-৬ আসন থেকে নির্বাচিত বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর শপথ নেননি। ফলে আসনটি শূন্য হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সংবাদ (পৃ.২,ক.৪)**।

১০। ডিলারদের সরকারি মিলের চিনি বিক্রি করতে হবে : শিল্প প্রতিমন্ত্রীর নির্দেশ

রাষ্ট্রায়ত্ত চিনি কারখানাকে লাভজনক করতে শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার ডিলারদের এসব কারখানায় উৎপাদিত চিনি বিক্রির নির্দেশনা দিয়েছেন। তা না হলে ডিলারশিপ বাতিল করে নতুন ডিলার নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন তিনি। গতকাল (১৯ মে রোববার) শিল্প মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে মন্ত্রণালয়ের আওতাধীন চলতি অর্থবছরের আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় শিল্প প্রতিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫), **ইত্তেফাক (পৃ.১৮,ক.৫)**।

১১। সৌদি আরব ও আরব আমিরাতের তেল পাম্পে হামলায় বাংলাদেশের উদ্বেগ প্রকাশ

সৌদি আরবের পূর্বাঞ্চলীয় প্রদেশে তেলের দু'টি পাম্পিং স্টেশনে হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ। গতকাল (১৯ মে রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ উদ্বেগ প্রকাশ করা হয়। এ ধরনের ঘটনা উপসাগরীয় অঞ্চলে নিরাপত্তার জন্য হুমকি উল্লেখ করে বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ নিরাপত্তার জন্য দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। এ অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার জন্য যে কোনো যৌথ প্রচেষ্টাকে সমর্থন করে বাংলাদেশ। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬), **নিউ এজ** (শেষ পৃ,ক.৪)।

১২। মুক্তিযোদ্ধা স্বীকৃতির ন্যূনতম বয়সের গেজেট বাতিল : হাইকোর্টের রায়

মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্তির ক্ষেত্রে ১৯৭১ সালের ৩০ নভেম্বর পর্যন্ত ন্যূনতম বয়স ১২ বছর ছয় মাস নির্ধারণ করে সরকারের জারি করা সব গেজেট অবৈধ ঘোষণা করেছে হাইকোর্ট। পাশাপাশি মুক্তিযোদ্ধার স্বীকৃতির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮-এর ২(১১) ধারা অনুযায়ী বয়সসীমা নির্ধারণের বিষয়ে সরকারের বিধানকেও অসাংবিধানিক ঘোষণা করা হয়েছে। বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি রাজিক আল জলিল সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (১৯ মে রোববার) বয়সসীমা নির্ধারণের পরিপত্র চ্যালেঞ্জ করে ১৫টি রিট নিষ্পত্তি করে এ রায় দেয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৫)।

১৩। ঈদে স্পেশাল লঞ্চ সার্ভিস শুরু আগামী ৩০ মে, আগাম টিকিট বিক্রি শুরু আজ

ঈদ উপলক্ষে দেশের দক্ষিণাঞ্চলগামী যাত্রীদের স্পেশাল লঞ্চ সার্ভিস শুরু হবে আগামী ৩০ মে। ফিরতি যাত্রীদের সুবিধার্থে ৮ জুন পর্যন্ত তা চলবে। এছাড়া আজ (২০ মে সোমবার) থেকে আগাম টিকিট বিক্রি করা হবে। গতকাল (১৯ মে রোববার) সদরঘাটে বিআইডব্লিউটিএ চেয়ারম্যানের সভাপতিত্বে ঈদ প্রস্তুতিসংক্রান্ত এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **সংবাদ (পৃ.১,ক.৮)**, **নিউ এজ** (পৃ.১১,ক.৬)।

১৪। আজ বিশ্ব মেট্রোলজি দিবস

আজ (২০ মে সোমবার) বিশ্ব মেট্রোলজি দিবস। 'আন্তর্জাতিক পদ্ধতির একক মৌলিকভাবে উত্তম' এ প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে বিএসটিআই বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৮), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ব্যাপক উন্নয়ন কার্যক্রমের প্রভাবে সেখানে উন্নয়নে গতি সঞ্চার হওয়ায় এ এলাকায় অর্থনৈতিক করিডোর গড়ে তোলা হলে দেশের সামগ্রিক উন্নয়নে তা বিরাট অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল :** পাবনা সরকারি শহীদ বুলবুল কলেজের শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনা তুলে ধরে শিক্ষক লাঞ্ছনাকারী ও তার সহযোগী, সমর্থকদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

গ. **যুগান্তর, ইনকিলাব :** রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে আবাসনখাতে কেনাকাটায় অস্বাভাবিক ব্যয়ের হিসাবের স্বচ্ছ ও মানসম্মত তদন্ত করে জড়িতদের বিচার করার সুপারিশ।

ঘ. **যায়যায়দিন :** মানব পাচারকারী দলের আটককৃত পাঁচ পাচারকারীকে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়াসহ বিদ্যমান পরিস্থিতি থেকে উত্তরণে মানব পাচার আইনকে কার্যকর করার আহ্বান।

ঙ. **ডেইলি সান, ভোরের কাগজ :** অজ্ঞান পার্টির দৌরাত্ম্য বেড়ে যাওয়ায় আইনশৃঙ্খলা বাহিনীকে জোর তৎপরতা চালানোর আহ্বান।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** গণপরিবহণ শ্রমিকদের ৫০ শতাংশই কম দৃষ্টিশক্তিসম্পন্ন হওয়ার বিষয়ে গবেষণা প্রতিবেদন তুলে ধরে সড়কে নিরাপত্তার স্বার্থে বাসচালক ও হেলপারদের চোখের দৃষ্টিশক্তির এ সমস্যাকে সংশ্লিষ্টদের গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বৈশ্বিক খাদ্যনিরাপত্তা সূচকে বাংলাদেশের অবস্থানের উন্নতি করতে হলে বাজারে অনিরাপদ খাদ্য সরবরাহের ওপর জিরো টলারেন্স নীতি গ্রহণ করতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'বাংলাদেশে দুগ্ধশিল্পে নীরব বিপ্লব'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দুগ্ধ খামারিদের প্রস্তাবিত দাবি দাওয়া সহানুভূতির সঙ্গে বিবেচনা করলে দুগ্ধশিল্পে আরও এগিয়ে যাবে বাংলাদেশ।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা